

📃 ত্ব-হা | Ta-Ha | 山

আয়াতঃ ২০ : ১১৬

া আরবি মূল আয়াত:

وَ إِذ قُلْنَا لِلمَلْئِكَةِ اسجُدُوا لِأَدَمَ فَسَجَدُوا إِلَّا إِبلِيسَ ؟ ٱبلى ﴿١١۶﴾

আর স্মরণ কর, যখন আমি ফেরেশতাদেরকে বললাম, 'তোমরা আদমকে সিজদা কর,' তখন ইবলীস ছাড়া সকলেই সিজদা করল; সে অমান্য করল। — আল-বায়ান

স্মরণ কর, যখন ফেরেশতাগণকে বলেছিলাম, 'তোমরা আদামকে সেজদা কর,' তখন ইবলিস ছাড়া সবাই সেজদা করল, সে অমান্য করল। — তাইসিরুল

স্মরণ কর, যখন আমি মালাইকাগণকে বললামঃ আদমের প্রতি সাজদাহবনত হও, তখন ইবলীস ছাড়া সবাই সাজদাহ করল; সে অমান্য করল। — মুজিবুর রহমান

And [mention] when We said to the angels, "Prostrate to Adam," and they prostrated, except Iblees; he refused. — Sahih International

১১৬. আর স্মরণ করুন(১), যখন আমরা ফিরিশতাগণকে বললাম, তোমরা আদমের প্রতি সিজদা কর, তখন ইবলীস ছাড়া সবাই সিজদা করল; সে অমান্য করল।

(১) এখান থেকে আদম 'আলাইহিস সালাম-এর কাহিনী শুরু করা হয়েছে। এতে উদ্মতে মুহাম্মদীকে হুশিয়ার করা উদ্দেশ্য যে, শয়তান মানব জাতির আদি শক্র। সে সর্বপ্রথম তোমাদের আদি পিতা-মাতার সাথে শক্রতা সাধন করেছে এবং নানা রকমের কৌশল, বাহানা ও শুভেচ্ছামূলক পরামর্শের জাল বিস্তার করে তাদেরকে পদস্থলিত করে দিয়েছে। এর ফলেই তাদের উদ্দেশ্যে জায়াত থেকে পৃথিবীতে অবতরণের নির্দেশ জারী হয় এবং জায়াতের পোষাক ছিনিয়ে নেয়া হয়। তাই শয়তানী কুমস্ত্রণা থেকে মানব মাত্রেরই নিশ্চিন্ত হওয়া উচিত নয়। শয়তানী প্ররোচনা ও অপকৌশল থেকে আত্মরক্ষার জন্য প্রত্যেকেরই যথাসাধ্য চেষ্টা করা উচিত।

তাফসীরে জাকারিয়া

(১১৬) (স্মরণ কর,) যখন আমি ফিরিশতাগণকে বললাম, 'তোমরা আদমকে সিজদাহ কর', তখন ইবলীস ব্যতীত সকলেই সিজদাহ করল; সে অমান্য করল।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2464

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন